



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষিভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা - ১০০০

(জনসংযোগ বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং- ৩৮


তারিখ: ১৬ আগস্ট ২০১৬

সংবাদ বিজ্ঞপ্তি

বিএডিসিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪১তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) ১৫ আগস্ট ২০১৬ তারিখ সোমবার বিএডিসি'র কৃষি ভবনস্থ সম্মেলন কক্ষ, দিলকুশা, ঢাকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪১তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে “আলোচনা সভা ও দোয়া মাহফিল” এর আয়োজন করে। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিএডিসি'র মাননীয় চেয়ারম্যান জনাব মোঃ নাসিরুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিএডিসি'র সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) জনাব রওনক মাহমুদ, সদস্য পরিচালক (ফুডসেচ) জনাব মোঃ আব্দুল জলিল, সংস্থার সচিব জনাব মোঃ মনোয়ারুল ইসলাম, নিয়ন্ত্রক (অডিট) ড. মোয়াজ্জেম হোসেনসহ বিএডিসি'র বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ। সভায় সভাপতিত্ব করেন সদস্য পরিচালক (অর্থ) জনাব মোহাম্মদ মাহফুজুল হক। অনুষ্ঠানে বিএডিসি'র সকল শ্রেণির কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন। এছাড়া কৃষি ভবনে সূর্যদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় ও কালো পতাকা উত্তোলন করা হয়। বাদ যোহর বিশেষ মোনাজাতের ব্যবস্থা করা হয়।

শোক দিবসের আলোচনা সভায় বক্তারা ১৫ আগস্ট তারিখে বঙ্গবন্ধুসহ তাঁর পরিবারবর্গ যারা নিহত হয়েছিলেন তাদের আত্মার মাগফেরাত কামনা করেন। সভায় বক্তারা বলেন, বঙ্গবন্ধু সবসময় একটি সুখী, সমৃদ্ধশালী বাংলাদেশের স্বপ্ন দেখতেন। এই স্বপ্নকে বাস্তবায়নের জন্য বঙ্গবন্ধু কৃষি খাতকে সর্বাধিক গুরুত্ব দিয়েছিলেন। কৃষিক্ষেত্রে উন্নয়নের লক্ষ্যে তিনি বিএডিসিকে সেবামূলক প্রতিষ্ঠানে রূপ দিয়েছিলেন। বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের নিরলস পরিশ্রম ও সরকারের আন্তরিক প্রচেষ্টায় দেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে।



(শেখ মোহাম্মদ সাইফুল ইসলাম)

জনসংযোগ কর্মকর্তা

বিএডিসি, ঢাকা

ফোন: ৯৫৫২২৫৬